Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

মাছের উৎপাদন বৃদ্ধি ও নিরাপদ খাদ্য উৎপাদনের ওপর গুরুত্বারোপ করে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বলেছেন, মাছ আমিষের যোগানদাতা; প্রাণিজ আমিষ হিসেবে মাছ বাঙালির অবিচ্ছেদ্য অংশ।

শনিবার (২৮ জুন) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) ময়মনসিংহ আয়োজিত 'বার্ষিক গবেষণা অগ্রগতি (২০২৪-২৫) পর্যালোচনা ও গবেষণা পরিকল্পনা (২০২৫-২৬) প্রণয়ন' শীর্ষক আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বলেন, মাছ বাঙালির প্রাণিজ আমিষের অন্যতম প্রধান উৎস এবং মাছের উৎপাদন বৃদ্ধি ও নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত করা অত্যন্ত জরুরি।

শনিবার (২৮ জুন) ময়মনসিংহে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই) আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বিএফআরআই, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং মৎস্য অধিদফতরের মধ্যে সমন্বয় গড়ে মৎস্য সম্পদের গুণগত উন্নয়ন নিশ্চিত করার আহ্বান জানান।

উপদেষ্টা আরও বলেন, কীটনাশকের অপব্যবহার হাওর অঞ্চলের মাছের জন্য মারাত্মক ক্ষতিকর, তাই কীটনাশক নিয়ন্ত্রণে জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন করা

হয়েছে যা কার্যকর হলে জলজ প্রাণীর নিরাপত্তা নিশ্চিত হবে।

তিনি আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ সংঘের (আইইউসিএন) হুমকির মুখে থাকা মাছের শ্রেণীবিভাগের কথা উল্লেখ করে বলেন, বিএফআরআই ও কৃষি বিশ্ববিদ্যালয়ের যৌথ কার্যক্রমে মাছের সংরক্ষণে উল্লেখযোগ্য অগ্রগতি হবে।

অনুষ্ঠানে বিএফআরআই মহাপরিচালক ড. অনুরাধা ভদ্র সভাপতিত্ব করেন।কর্মশালায় মৎস্য অধিদফতরের কর্মকর্তারা এবং মৎস্য খামারিরা উপস্থিত ছিলেন।

উপদেষ্টা কর্মশালার আগে বিএফআরআই’র বিভিন্ন গবেষণা মাঠ পরিদর্শন করেন।

প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট বার্ষিক গবেষণা অগ্রগতি ময়মনসিংহ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:24

URL: https://www.timestodaybd.com/national/7758073852